# করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট (মূল ও অমিক্রন BA.4/BA.5) সম্বন্ধে গ্রহীতা ও কেয়ারগিভারদের জন্য তথ্যপত্র, যা ব্যবহার করা হবে সেসকল লোকের জন্য, যারা 5 থেকে 11 বছর বয়স্ক

## 5 থেকে 11 বছর বয়স্ক

**আপনার শিশুকে অফার করা হয়েছে ফাইজার/ বায়োএনটেক কোভিড-19 ভ্যাকসিন[1] বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট (মূল ও অমিক্রন BA.4/BA.5)[2], এরপর থেকে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট হিসেবে উল্লেখ করা হবে, যা SARS-CoV-2-এর কারণে সৃষ্ট করোনাভাইরাস রোগ 2019 (কোভিড-19) প্রতিরোধে কাজ করবে।**

**গ্রহীতা ও পরিচর্যাকারীদের জন্য এই ভ্যাকসিনের তথ্য সম্পর্কিত তথ্যপত্রটি 5 থেকে 11 বছর বয়স্ক ব্যক্তিদের জন্য বহারের জন্য অনুমোদিত ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন[3,4] এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর তথ্যপত্র নিয়ে তৈরি।**

**নিম্নলিখিত ক্ষেত্রে প্রদান করার জন্য, ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA) থেকে জরুরি ব্যবহারের অনুমোদন (EUA) গ্রহণ করেছে:**

- **5 বছর থেকে 11 বছর বয়সী ব্যক্তিদেরকে একটি 2-ডোজের প্রাথমিক সিরিজ দিতে।**
- **5 বছর থেকে 11 বছর বয়সী লোকজন, যারা নির্দিষ্ট ধরনের রোগপ্রতিরোধ ক্ষমতা কম বলে নির্ধারিত হয়েছেন, তাদের জন্য একটি তৃতীয় প্রাথমিক সিরিজ ডোজ।**

---

[1] ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনটি, যা একটি মনোভ্যালেন্ট ভ্যাকসিন, শুধু মূল SARS-CoV-2-এর স্পাইক প্রোটিন এনকোড করে।

[2] ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট মূল SARS-CoV-2 এবং অমিক্রন BA.4/BA.5 SARS-CoV-2-এর স্পাইক প্রোটিন এনকোড করে।

[3] আপনার শিশুর বয়স 4 বছর হলেও এই তথ্যপত্রটি পাবেন। যদি পরবর্তী 11 সপ্তাহে আপনার শিশুর বয়স 5 বছর হয় এবং তাদের প্রাথমিক সিরিজ শুরু না করে, তবে আপনার শিশু যেকোনো একটি গ্রহণ করতে পারে: (1) 5 বছর থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য অনুমোদিত ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনের 2-ডোজের একটি প্রাথমিক সিরিজ; বা 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের জন্য 1 ও 2 ডোজের জন্য অনুমোদিত ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনের 3-ডোজের একটি প্রাথমিক সিরিজ এবং 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের ডোজের জন্য ব্যবহার করতে অনুমোদিত ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট 3. অনুগ্রহ করে আপনার প্রোভাইডারের সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

[4] আপনার শিশুর বয়স 12 বছর হলেও আপনি এই তথ্যপত্রটি পেতে পারেন। প্রাথমিক বিধানের দুটি ডোজের মধ্যে যেসকল শিশু 11 বছর থেকে 12 বছরে পদার্পণ করে, তারা প্রাথমিক সিরিজের যেকোনো ডোজের জন্য যেকোনো একটি গ্রহণ করতে পারে: (1) 5 থেকে 11 বছর বয়সী শিশুর ব্যবহারের জন্য অনুমোদিত ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন; অথবা (2) 12 বছর বা তার বেশি বয়সী শিশুর জন্য অনুমোদিত কমির্নেটি (কোভিড-19 ভ্যাকসিন, mRNA) বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন।

**নিম্নলিখিত যেকোনো একটি উদ্দেশ্যে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট FDA থেকে EUA গ্রহণ করেছে:**

- **কমপক্ষে 5 থেকে 11 বছর বয়সী শিশুর জন্য একটি সিঙ্গেল বুস্টার ডোজ যেকোনো অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিনের মাধ্যমে প্রাথমিক টিকাদান সম্পন্ন করার 2 মাস পরে; বা**
- **যেকোনো অনুমোদিত মনোভ্যালেন্ট[5] কোভিড-19 ভ্যাকসিনের মাধ্যমে 5 থেকে 11 বছর বয়সী শিশুদের সর্বসাম্প্রতিক বুস্টার ডোজ গ্রহণের কমপক্ষে 2 মাস পরে একটি একক বুস্টার ডোজ।**

এই তথ্যপত্রটিতে এমন তথ্য থাকবে যার ফলে আপনি ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর ঝুঁকি ও সুবিধাদি বোঝতে সক্ষম হবেন, যেগুলো আপনি বর্তমানে চলমান কোভিড-19 অতিমারীর কারণে গ্রহণ করতে পারেন। কোনও প্রশ্ন থাকলে আপনার শিশুর ভ্যাকসিন সরবরাহকারীর সঙ্গে কথা বলুন।

এই তথ্যপত্রটি পরিমার্জন করা হতে পারে। সাম্প্রতিক তথ্যপত্র পেতে, অনুগ্রহ করে www.cvdvaccine.com দেখুন।

## আপনার শিশু এই ভ্যাকসিনগুলোর কোনো একটি নেওয়ার আগে আপনার কী কী জানা দরকার

### COVID-19 কী?

COVID-19 রোগটি SARS-CoV-2 নামক করোনাভাইরাস দ্বারা হয়। এই ভাইরাসে আক্রান্ত কোনও ব্যক্তির সংস্পর্শে এলে আপনি COVID-19-এ আক্রান্ত হতে পারেন। এটি প্রধানত একটি শ্বাসযন্ত্রের রোগ যা অন্যান্য অঙ্গকে প্রভাবিত করতে পারে। COVID-19-এ আক্রান্ত ব্যক্তিদের বিভিন্ন ধরনের উপসর্গের বিষয় রিপোর্ট করা হয়েছে, যার মধ্যে মৃদু উপসর্গ থেকে শুরু করে তীব্র অনুস্থতাজনিত মৃত্যুও অন্তর্ভুক্ত রয়েছে। ভাইরাসে আক্রান্ত হওয়ার 2 থেকে 14 দিন পরে লক্ষণগুলি দেখা দিতে পারে। এই সব লক্ষণের মধ্যে থাকতে পারে: জ্বর বা ঠাণ্ডা লাগা; কাশি; নিঃশ্বাস-প্রশ্বাসের দুর্বলতা; ক্লান্তি; পেশী বা শরীরে ব্যথা; মাথাব্যথা; নতুন করে স্বাদ বা গন্ধ না-পাওয়া; গলা ব্যথা; সর্দি বসা বা সর্দি পড়া; বমি বমি ভাব বা বমি হওয়া; ডায়রিয়া।

### ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট একে অপরের সাথে কীভাবে সম্পর্কিত?

ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট
ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনের মতো করেই তৈরি, তবে SARS-CoV-2-এর অমিক্রন প্রজাতি কর্তৃক সৃষ্ট কোভিড-19 প্রতিরোধে সাহায্য করতে এতে একটি অমিক্রন উপাদানও থাকে।

EUA-র আরও তথ্যের জন্য এই তথ্যপত্রের শেষ অংশে “**ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?**” দেখুন।

---

[5] মনোভ্যালেন্ট বলতে যেকোনো অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিনকে বোঝায়, যাতে শুধুমাত্র মূল SARS-CoV-2-এর স্পাইক প্রোটিন থাকে বা এনকোড করা হয়।

**আপনার শিশু এই ভ্যাকসিনগুলোর কোনো একটি নেওয়ার পূর্বে আপনাকে আপনার শিশুর ভ্যাকসিন প্রদানকারীর কাছে কী উল্লেখ করা উচিত?**
**আপনার ভ্যাকসিন প্রদানকারীকে আপনার শিশুর সকল ধরণের স্বাস্থ্যগত সমস্যা সম্পর্কে বলুন, যার মধ্যে রয়েছে আপনার শিশুর:**

- কোনো অ্যালার্জি আছে কি না
- মায়োকার্ডাইটিস (হৃৎপিণ্ডের পেশীতে যন্ত্রণা) অথবা পেরিকার্ডাইটিস (হৃৎপিণ্ডের বাইরের আস্তরণে যন্ত্রণা) হয়ে থাকে
- জ্বর আছে কি না
- রক্তক্ষরণের সমস্যা থাকে অথবা রক্ত পাতলা হয়
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল থাকে অথবা এমন কোনও ওষুধ ব্যবহার করেন যার প্রভাব আপনার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতার উপর পড়ে
- গর্ভবতী কি না
- বুকের দুধ খাওয়ায় কি না
- অন্য COVID-19 ভ্যাকসিন নিয়েছে কি না
- কখনও কোনো ইনজেকশন নেওয়ার পর অজ্ঞান হয়ে গিয়েছিল কি না

**এই ভ্যাকসিনগুলো কিভাবে দেওয়া হয়?**
ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট আপনার শিশুর মাংশপেশিতে ইনজেকশনের মাধ্যমে দেওয়া হবে।

প্রাথমিক সিরিজ: ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন প্রাথমিক সিরিজের জন্য দেওয়া হয়ে থাকে। ভ্যাকসিনটি একটি 2-ডোজের সিরিজ হিসেবে 3 সপ্তাহ পরে দেওয়া হয়। যেসকল লোকের নির্দিষ্ট ধরনের রোগ প্রতিরোধ সম্পর্কিত জটিলতা রয়েছে তাদের ক্ষেত্রে দ্বিতীয় ডোজ নেওয়ার কমপক্ষে 28 দিন পরে তৃতীয় প্রাথমিক সিরিজের একটি ডোজ দেওয়া হয়।

বুস্টার ডোজ:
ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট একটি একক বুস্টার ডোজ হিসেবে দেওয়া হয়, নিচের যেকোনো একটি ক্ষেত্রের কমপক্ষে 2 মাস পরে:

- যেকোনো অনুমোদিত কোভিড-19 ভ্যাকসিনের মাধ্যমে প্রাথমিক টিকা গ্রহণ সম্পন্ন হওয়ার পরে; বা
- যেকোনো অনুমোদিত মনোভ্যালেন্ট কোভিড-19 ভ্যাকসিনের মাধ্যমে সর্বশেষ বুস্টার ডোজ গ্রহণের পর।

ভ্যাকসিন সকলকে সুরক্ষা নাও দিতে পারে।

**কার ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট গ্রহণ করা উচিত নয়?**
আপনার শিশুর এই ভ্যাকসিনগুলোর কোনোটি নেওয়া উচিত নয়, যদি আপনার শিশুর:

- ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন-এর পূর্ববর্তী ডোজ গ্রহণ করার পর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে।
- এই ভ্যাকসিনগুলোতে থাকা যেকোনো উপাদানের ক্ষেত্রে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া থেকে থাকে।

**এই ভ্যাকসিনগুলোর উপাদানগুলো কী কী?**
ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্টে নিম্নলিখিত উপাদান থাকে: mRNA, lipids (((4- hydroxybutyl)azanediyl)bis(hexane-6,1-diyl)bis(2-hexyldecanoate), 2 [(polyethylene glycol)-2000]-N,N-ditetradecylacetamide, 1,2-distearoyl-sn-glycero-3-phosphocholine,

এবং কোলেস্টেরল), ট্রোমেথামাইন, ট্রোমেথামাইন হাইড্রোক্লোরাইড, সুক্রোজ, এবং সোডিয়াম ক্লোরাইড।

**এই ভ্যাকসিনগুলো কি পূর্বে ব্যবহার করা হয়েছিল?**
ক্লিনিক্যাল ট্রায়ালে, 5 থেকে 11 বছর বয়সী আনুমানিক 3,100 জন ব্যক্তি ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিনের কমপক্ষে 1টি ডোজ গ্রহণ করেছেন। ডিসেম্বর 11, 2020 তারিখ থেকে EUA-এর অধীনে লক্ষ লক্ষ লোককে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন দেওয়া হয়েছে।

ক্লিনিক্যাল ট্রায়ালে, 55 বছরের বেশি আনুমানিক 300 জন ব্যক্তিকে বাইভ্যালেন্টের একটি ডোজ দেওয়া হয়েছে; এই বাইভ্যালেন্টে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট থেকে ভিন্ন 1টি অমিক্রনের উপাদান থাকে।

**এই ভ্যাকসিনগুলোর সুবিধাদি কী কী?**
ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন কোভিড-19 প্রতিরোধে কার্যকারিতা দেখিয়েছে। SARS-CoV-2-এর অমিক্রন রূপের কারণে সৃষ্ট কোভিড-19-এর বিরুদ্ধে আরও সুরক্ষা দিতে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-কে FDA অনুমোদন দিয়েছে।
কোভিড-19 থেকে সুরক্ষার সময়কাল বর্তমানে অজানা।

**এই ভ্যাকসিনগুলোর ঝুঁকিসমূহ কী কী?**
এই ভ্যাকসিনগুলোর কারণে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হওয়ার যৎসামান্য সম্ভাবনা রয়েছে। সাধারণত ডোজ নেওয়ার কয়েক মিনিট থেকে 1 ঘণ্টা সময়ের মধ্যে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হতে পারে। এই কারণে, ভ্যাকসিন দেওয়ার পর পর্যবেক্ষণ করার সুবিধার্থে, আপনার শিশুর ভ্যাকসিন প্রদানকারী আপনার শিশুকে ভ্যাকসিন দেওয়ার স্থানে থাকার জন্য বলতে পারে। মারাত্মক অ্যালার্জির লক্ষণগুলোর মধ্যে থাকতে পারে:

- শ্বাস কষ্ট
- মুখ ও গলা ফুলে যাওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া
- সারা শরীরে খারাপ ফুসকুড়ি হওয়া
- মাথা ঘোরা ও দুর্বলতা

কিছু কিছু লোকের ক্ষেত্রে মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ) এবং পেরিকার্ডিটিস (হৃদপিণ্ডের বাইরের ত্বকে প্রদাহ), যারা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন এবং ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট
গ্রহণ করেছেন। এই লোকজনের অনেকের ক্ষেত্রে, ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার কয়েক দিনের মধ্যে উপসর্গগুলো দেখা দেয়। তবে এটি হওয়ার সম্ভাবনা খুবই কম। ভ্যাকসিন নেওয়ার পর যদি নিম্নলিখিত লক্ষণগুলোর মধ্যে কোনোটি আপনার শিশুর দেখা দেয় তবে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হওয়া উচিত:

- বুকে ব্যথা
- শ্বাস গ্রহণে সমস্যা
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া, বুক ধড়ফড় করা বা বুক ধুকপুক করা

এই ভ্যাকসিনগুলোর যেসকল পার্শ্ব-প্রতিক্রিয়া রিপোর্ট করা হয়েছে সেগুলোর মধ্যে রয়েছে:

- তীব্র অ্যালার্জি প্রতিক্রিয়া
- মারাত্মক নয় এমন অ্যালার্জিক প্রতিক্রিয়া যেমন ফুসকুড়ি, চুলকানি, লাল হয়ে ফুলে যাওয়া বা মুখমণ্ডল ফুলে যাওয়া
- মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ)
- পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ)

- ইনজেকশন দেওয়ার স্থানে ব্যথা হওয়া
- ক্লান্তি
- মাথা ব্যথা
- পেশীর ব্যথা
- ঠান্ডা লাগা
- গাঁটে ব্যথা
- জ্বর
- ইনজেকশন দেওয়ার স্থান ফুলে ওঠা
- ইনজেকশন দেওয়ার স্থান লাল হওয়া
- বমিভাব
- অসুস্থ বোধ হওয়া
- লিম্ফ নোড ফুলে যাওয়া (লিম্ফ্যাডেনোপ্যাথি)
- ক্ষুধামন্দা
- পাতলা পায়খানা
- বমি হওয়া
- হাতে ব্যথা হওয়া
- ভ্যাকসিনের ইনজেকশন দেওয়ার সাথে সংশ্লিষ্ট মূর্ছা যাওয়া
- মাথাঘোরা

শুধুমাত্র এগুলোই এই ভ্যাকসিনগুলোর পার্শ্ব-প্রতিক্রিয়া নাও হতে পারে। গুরুতর ও অপ্রত্যাশিত পার্শ্ব প্রতিক্রিয়াও দেখা দিতে পারে। এই ভ্যাকসিনগুলোর সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে এখনও গবেষণা চলমান রয়েছে।

**পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে আমার কী করা উচিত?**
যদি আপনার শিশুর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেয়, তবে 9-1-1-এ কল করুন বা নিকটবর্তী হাসপাতালে যান।

যদি আপনার শিশুর এমন পার্শ্ব-প্রতিক্রিয়া হয় যা দূর হচ্ছে না, তবে ভ্যাকসিন প্রদানকারীকে অথবা আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

ভ্যাকসিন সম্পর্কিত পার্শ্ব-প্রতিক্রিয়া সম্পর্কে FDA/CDC ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (VAERS)-এর কাছে রিপোর্ট করুন। VAERS-এর টোল ফ্রি নম্বর হল 1-800-822-7967 অথবা অনলাইনে জানান https://vaers.hhs.gov/reportevent.html এই ঠিকানায়। অনুগ্রহ করে রিপোর্ট ফর্মের বক্স #18-এর প্রথম লাইনে "Pfizer-BioNTech COVID-19 Vaccine EUA", বা "Pfizer-BioNTech COVID-19 Vaccine, Bivalent EUA" লিখুন।

এছাড়াও, নীচে দেওয়া ঠিকানায় Pfizer Inc.-কে পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে জানাতে পারেন।

| ওয়েবসাইট | ফ্যাক্স নম্বর | টেলিফোন নম্বর |
|---|---|---|
| www.pfizersafetyreporting.com | 1-866-635-8337 | 1-800-438-1985 |

আপনাকে V-safe-এ নাম নথিভুক্ত করার একটি সুযোগও দেওয়া হতে পারে। V-safe হলো একটি ঐচ্ছিক স্মার্টফোন-ভিত্তিক টুল, যা টেক্সট মেসেজিং এবং ওয়েব সমীক্ষা ব্যবহার করে

ভ্যাকসিন নেওয়া লোকজন কোভিড-19 টিকা নেওয়ার পর কোনো সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া দেখায় কি না তা পরীক্ষা করে। V-safe-এর প্রশ্নাবলীর সহায়তায় COVID-19-এর সুরক্ষার বিষয়টি CDC নজর করতে পারে। প্রয়োজন পড়লে দ্বিতীয় ডোজ নেওয়ার কথা মনে করিয়ে দেওয়ার কাজও করে V-safe। COVID-19 ভ্যাকসিন নেওয়ার পর গ্রহীতারা যদি স্বাস্থ্য সম্পর্কিত কোনও উল্লেখযোগ্য প্রভাবের ব্যাপারে জানান, তাহলে V-safeএর মাধ্যমে CDC সর্বদা টেলিফোনে খোঁজখবর চালিয়ে যায়। কীভাবে সাইন আপ করতে হয় সে বিষয়ে আরও তথ্যের জন্য, www.cdc.gov/vsafe দেখুন।

**আমি যদি আমার শিশুকে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট না দেওয়ানোর সিদ্ধান্ত নেই তবে কী হবে?**

EUA-এর অধীনে, এই ভ্যাকসিনগুলোর যেকোনো নেওয়ার প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যান করার একটি সুযোগ রয়েছে। আপনি যদি আপনার শিশুকে এই ভ্যাকসিনগুলোর কোনটি না দেওয়ানোর সিদ্ধান্ত নেন, তবে এটি আপনার শিশুর স্বাভাবিক চিকিৎসা সেবায় কোনো পরিবর্তন আনবে না।

**কোভিড-19 প্রতিরোধে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর পাশাপাশি অন্য কোনো বিকল্প আছে কি?**

কোভিড-19 প্রতিরোধে অন্যান্য ভ্যাকসিনগুলো EUA-এর অধীনে উপলভ্য হতে পারে, যার মধ্যে বাইভ্যালেন্ট ভ্যাকসিন রয়েছে, যাতে SARS-CoV-2-এর একটি অমিক্রন উপাদান রয়েছে।

**আমার শিশু কি অন্যান্য ভ্যাকসিন গ্রহণের সময়েই ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট গ্রহণ করতে পারবে?**

অন্যান্য ভ্যাকসিনের সাথে একই সময়ে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট দেওয়ার ব্যাপারে FDA-তে এখনও তথ্য জমা দেওয়া হয়নি। আপনার শিশুর ক্ষেত্রে আপনি যদি
ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন বা ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট দেওয়ানোর বিষয়টি বিবেচনা করেন, তবে আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পসমূহ নিয়ে আলোচনা করুন।

**যদি আমার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা থাকে তবে কী হবে?**

যদি আপনার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতায় কোনো সমস্যা থাকে, তবে আপনার শিশুকে ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন-এর একটি তৃতীয় প্রাথমিক সিরিজের ডোজ গ্রহণের সুযোগ দেওয়া হতে পারে।
5 থেকে 11 বছর বয়সী লোকজন ফাইজার-বায়োনটেক কোভিড-19 ভ্যাকসিন, বাইভ্যালেন্ট-এর একটি বুস্টার ডোজ নিতে পারেন। রোগ প্রতিরোধ ক্ষমতায় সমস্যা রয়েছে এমন লোকজন ভ্যাকসিন নেওয়ার পরও কোভিড-19 থেকে পূর্ণ সুরক্ষা নাও পেতে পারেন এবং
কোভিড-19 প্রতিরোধে সাহায্য করতে আপনার শিশুকে শারীরিক সতর্কতা বজায় রাখা অব্যাহত রাখতে হবে। এছাড়াও, আপনার শিশুর ঘনিষ্ঠ পরিচিতদের যথাযথভাবে টিকা নিয়ে নেওয়া উচিত।

**গর্ভাবস্থা বা বুকের দুধ খাওয়ানোর ব্যাপারে কী হবে?**

যদি আপনার শিশু সন্তানসম্ভবা হয় বা স্তন্যপান করায়, তবে আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সঙ্গে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

**এই ভ্যাকসিনগুলোর কারণে কি আমার শিশুর কোভিড-19 হবে?**

না। এই ভ্যাকসিনগুলোতে SARS-CoV-2 থাকে না এবং আপনার শিশুর কোভিড-19 সৃষ্টি করতে পারে না।

**আপনার শিশুর ভ্যাকসিন কার্ড সঙ্গে রাখুন**

যখন আপনার শিশু প্রথম কোভিড-19 ভ্যাকসিন পাবেন, তখন আপনি একটি ভ্যাকসিন কার্ড পাবেন। আবার আসার সময় কার্ডটি আনতে ভুলবেন না।

**অতিরিক্ত তথ্য**
আপনার কোনও প্রশ্ন থাকলে ওয়েবসাইট দেখুন অথবা নিচে দেওয়া টেলিফোন নম্বরে ফোন করুন। অতি

সাম্প্রতিক তথ্যপত্র দেখার জন্য অনুগ্রহ করে নিচে দেওয়া QR কোডটি স্ক্যান করুন।

| আন্তর্জাতিক ওয়েবসাইট | টেলিফোন নম্বর |
|---|---|
| www.cvdvaccine.com | 1-877-829-2619<br>(1-877-VAX-CO19) |

**আমি কিভাবে আরও জানতে পারব?**

- ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html ঠিকানায় CDC-তে যান।
- https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm- legal-regulatory-and-policy-framework/emergency-use-authorization ঠিকানায় FDA ভিজিট করুন।
- আপনার স্থানীয় অথবা স্টেটের স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ করুন।

**আমার শিশুর ভ্যাকসিন নেওয়ার তথ্য কোথায় নথিভুক্ত করা হবে?**
ভ্যাকসিন সরবরাহকারী আপনার স্টেট/স্থানীয় আইনী অধিক্ষেত্রের টিকাদান তথ্য ব্যবস্থা বা Immunization Information System (IIS) বা অন্যান্য মনোনীত ব্যবস্থায় আপনার শিশুর ভ্যাকসিন দেওয়ার তথ্য নথিভুক্ত করতে পারে। IISs সম্পর্কে আরও তথ্যের জন্য https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html ভিজিট করুন।

**কোভিড-19-এর এই ভ্যাকসিনগুলো পেতে আমার উপর কি ভ্যাকসিন প্রদান ফি আরোপ করা হবে?**
না। এই মুহূর্তে, টিকা সরবরাহকারী আপনাকে ভ্যাকসিন ডোজ দেওয়ার জন্য কোনো অর্থ নিতে পারবেন না এবং কেবলমাত্র COVID-19 টিকা গ্রহণ করার জন্য আপনার কাছ থেকে ভ্যাকসিন দেওয়ার খরচ বা অন্য কোনো খরচ নেওয়া যাবে না। তবে, ভ্যাকসিন প্রদানকারীগণ ভ্যাকসিন গ্রহণকারীর জন্য কোভিড-19 ভ্যাকসিন প্রদানের ফি অন্তর্ভুক্ত করে এমন কোনো প্রোগ্রাম বা প্ল্যানের কাছ থেকে উপযুক্ত ব্যয়-পরিশোধ করার জন্য অনুরোধ করতে পারে (বেসরকারি বিমা, মেডিকেয়ার, মেডিকেইড, হেলথ রিসোর্সেস অ্যান্ড সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন [HRSA] কোভিড-19 অবিমাকৃত প্রোগ্রাম,
বিমা-বিহীন গ্রহীতাদের জন্য)।

**সন্দেহজনক জালিয়াতির ঘটনার ব্যাপারে আমি কোথায় জানাতে পারি?**
CDC COVID-19 টিকাদান প্রোগ্রামের পূর্বশর্তগুলোর যে কোনও সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে অবহিত হওয়া ব্যক্তিদের ইনস্পেক্টর জেনারেল, ইউএস ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস-এর অফিসে নিম্নলিখিত নম্বর বা ঠিকানায় জানাতে উৎসাহিত করা হয়:
1-800-HHS-TIPS বা https://TIPS.HHS.GOV।

**আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা কী কী রয়েছে?**
কাউন্টারমেজার ইনজুরি কম্প্যানসেশন প্রোগ্রাম (CICP) হলো ফেডারেলের একটি প্রোগ্রাম, যা এই ভ্যাকসিনগুলো সহ কোনো ঔষধ বা ভ্যাকসিনের মাধ্যমে গুরুতরভাবে অসুস্থ হলে চিকিৎসাসেবা ও অন্যান্য সুনির্দিষ্ট ব্যয় বহন করতে সহায়তা

করে। সাধারণত, ভ্যাকসিন গ্রহণের তারিখ থেকে এক (1) বছরের মধ্যে CICP-এর কাছে একটি দাবি জমা দিতে হবে। এই প্রোগ্রাম সম্পর্কে জানতে www.hrsa.gov/cicp/ ভিজিট করুন অথবা 1-855-266-2427 নম্বরে ফোন করুন।

**ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?**
EUA হলো বর্তমান কোভিড-19 অতিমারী প্রাদুর্ভাবের মতো গণ স্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতিতে ভ্যাকসিনের মতো চিকিৎসা পণ্যের উপলভ্যতা ও ব্যবহার সহজ করার একটি প্রক্রিয়া। হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS)-এর সচিবের একটি ঘোষণা দ্বারা EUA-কে সমর্থন করা হয়, যেখানে কোভিড-19 অতিমারীর সময় জরুরি ভিত্তিতে ঔষধ ও জীবতত্ত্বিক বা বায়োলজিক্যাল পণ্য ব্যবহারের মতো পরিস্থিতি রয়েছে বলে উল্লেখ করা হয়। জরুরি অবস্থায় ব্যবহার করার জন্য অনুমোদিত পণ্যটি FDA-অনুমোদিত কোনো পণ্যের মতো
একই ধরণের পর্যালোচনার মধ্য দিয়ে যায় না।

কিছু নির্দিষ্ট মানদণ্ড পূরণ হলে FDA একটি EUA ইস্যু করতে পারে, যার মধ্যে রয়েছে, কোনো পর্যাপ্ত, অনুমোদিত, উপলভ্য বিকল্প নেই। এছাড়াও, FDA-এর সিদ্ধান্ত সম্পূর্ণভাবে বিদ্যমান বৈজ্ঞানিক প্রমাণের উপর ভিত্তি করে নেওয়া হয়, যেখানে দেখা যায় যে, কোভিড-19 অতিমারীর সময় কোভিড-19 প্রতিরোধে পণ্যটি কার্যকর হতে পারে এবং পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য সুবিধাদি, জ্ঞাত ও সম্ভাব্য ঝুঁকিসমূহ থেকে বেশি হতে। কোভিড-19 অতিমারির সময় পণ্যটির ব্যবহারের অনুমতি দিতে এই সকল মানদণ্ড অবশ্যই পূরণ করতে হবে।

অবসান বা বাতিল না করা পর্যন্ত, এই পণ্যটির জরুরি ব্যবহারকে ন্যায্যতা প্রতিপাদন করে কোভিড-19 EUA ঘোষণাটি বর্তমানে কার্যকর রয়েছে (যার পরে পণ্যটি হয়তো আর ব্যবহার করা নাও হতে পারে)।

BIONTECH

যার জন্য প্রস্তুত করা হয়েছে
BioNTech Manufacturing GmbH An der Goldgrube 12
55131 Mainz, Germany

Pfizer

প্রস্তুতকারী
Pfizer Inc., New York, NY 10017

LAB-1486-8.3c

সংশোধিত: 8 ডিসেম্বর 22

এই তথ্যপত্রটি যে ইলেকট্রনিক মেডিক্যাল রেকর্ড/টিকাদান তথ্য ব্যবস্থার জন্য ভ্যাকসিন গ্রহণকারীকে প্রদান করা হয়েছে তা ধারণ করতে স্ক্যান করুন।

GDTI: 0886983000424